



স্মারক নং- ইউজিসি/আইসিসি/৫.৭৫/২১/২০১৮/১৮/১০৯৬

তারিখঃ ০৭ বৈশাখ ১৪৩২
২০ এপ্রিল ২০২৫


বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য ইউজিসি বৈদেশিক মাস্টার্স/এম.ফিল/পিএইচডি বৃত্তি (UGC Overseas Masters/M.Phil/PhD Scholarship for University Teachers) এর জন্য আবেদন আহ্বান

দেশের বিভিন্ন ক্ষেত্রে বিশেষায়িত জ্ঞান ও যোগ্যতাসম্পন্ন বিশ্বমানের শিক্ষাবিদ ও গবেষক তৈরির উদ্দেশ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক “বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য ইউজিসি বৈদেশিক মাস্টার্স/এম.ফিল/পিএইচডি বৃত্তি (UGC Overseas Masters/M.Phil/PhD Scholarship for University Teachers) নীতিমালা ২০২৫” প্রণয়ন করা হয়েছে। এই নীতিমালার আলোকে আগামী ০৭/০৫/২০২৫ ইং তারিখের মধ্যে বিদেশি বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণেচ্ছুক সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

কমিশনের তালিকাভুক্ত বিদেশি বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে আপলোডকৃত) ব্যতিত যদি কোনো প্রার্থীর অন্য কোনো বিশ্ববিদ্যালয় হতে পূর্ণ/আংশিক স্কলারশিপ/অফার লেটার থাকে তা (উপযুক্ত দলিলাদি সাপেক্ষে) বিবেচনা করা হবে। কমিশনের ওয়েবসাইট (www.ugc.gov.bd) অথবা www.mygov.bd প্ল্যাটফর্ম হতে অনলাইনে নির্দিষ্ট আবেদন ফরম পূরণপূর্বক (প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ) নিম্নস্বাক্ষরকারী বরাবর হার্ডকপি ও সফটকপি ই-মেইল (icdivision.ugc@gmail.com, jesmin@ugc.gov.bd)-এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এখানে উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য ইউজিসি বৈদেশিক মাস্টার্স/এম.ফিল/পিএইচডি বৃত্তি (UGC Overseas Masters/M.Phil/ PhD Scholarship for University Teachers) নীতিমালা ২০২৫ এবং বৃত্তি প্রদানের জন্য বিদেশি বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানসমূহের তালিকা কমিশনের ওয়েব সাইটে আপলোড করা রয়েছে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



মোছাঃ জেসমিন পারভীন
পরিচালক (চ.দা.)

ইন্টারন্যাশনাল কোলাবোরেশন বিভাগ
টেলিফোন:-৫৮১৬০২২৮

ই-মেইল- jesmin@ugc.gov.bd

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর


ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকুবি/শিক্ষা ও বৃত্তি/প্রচার/২(২৩)/২০১৬/৩১১

তারিখঃ ২২-০৪-২০২৫

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে):

- ১। ডিন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকুবি, ঢাকা
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল), শেকুবি, ঢাকা
- ৩। পরিচালক (সংশ্লিষ্ট), শেকুবি, ঢাকা
- ৪। পরিচালক (আইসিসি সেল), শেকুবি (বিজ্ঞপ্তিটি শেকুবি'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৫। অতিরিক্ত পরিচালক/জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকুবি, ঢাকা
- ৬। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৭। পি.এ.টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৮। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ৯। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা
- ১০। সকল নোটিশ বোর্ড, শেকুবি, ঢাকা
- ১১। অফিস কপি



(হরি কমল দাস)